# আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০ : ২২

## আরবি মূল আয়াত:

اِلَّا الۡمُصَلِّیۡنَ ﴿۲۲﴾

## অনুবাদসমূহ:

সালাত আদায়কারীগণ ছাড়া, — আল-বায়ান

তবে নামায আদায়কারীরা এ রকম নয়, — তাইসিরুল

তবে সালাত আদায়কারী ব্যতীত। — মুজিবুর রহমান

Except the observers of prayer - — Sahih International

### ২২. তবে সালাত আদায়কারীগণ ছাড়া(১),

(১) আয়াতে সালাত আদায়কারীদের গুণাবলী বর্ণনা প্রসঙ্গে বলা হয়েছে, যে সালাত আদায়কারী সর্বদা সালাত প্রতিষ্ঠাকারী। এখানে সালাত প্রতিষ্ঠার অর্থ ইবনে মাসউদ, মাসরুক ও ইবরাহীম নাখায়ী এর মতে, সালাতকে তার ওয়াক্তে ফরয-ওয়াজিব খেয়াল রেখে আদায় করা। কোন কোন মুফাসসিরের মতে এখানে সালাত প্রতিষ্ঠার অর্থ, সমগ্র সালাতেই সালাতের দিকে মনোযোগ নিবদ্ধ রাখা; এদিক সেদিক না তোকানো। সাহাবী ওকবা ইবনে আমের বলেন, উদ্দেশ্য এই যে, যে ব্যক্তি শুরু থেকে শেষ পর্যন্ত সালাতের দিকেই নিবিষ্ট থাকে এবং ডানে বামে ও আগে পিছে তাকায় না। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### (২২) অবশ্য নামাযীগণ এর ব্যতিক্রম;

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন